

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৯৩৯

খোয়াই, ২৩ ফেব্রুয়ারি, ২০২৪

জল জীবন মিশন

খোয়াই জেলায় ৫৩,০৬৭টি বাড়িতে পানীয়জলের সংযোগ

জল জীবন মিশনে খোয়াই জেলায় এখন পর্যন্ত ৫৩ হাজার ৬৭টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। এই মিশনে জেলার কল্যাণপুর ব্লকে ৮,৫৫৪টি, খোয়াই ব্লকে ১১,৩৪০টি, মুঙ্গিয়াকামী ব্লকে ৪,৮৮০টি, পদ্মবিল ব্লকে ৭,৯১৮টি, তেলিয়ামুড়া ব্লকে ১১,৮৫৮টি ও তুলাশিখর ব্লকে ৮,৫১৭টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জেলা পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।
